



জরুরি

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
জেনারেল সার্ভিস সেকশন
sgcl.org.bd

নম্বর ২৮.২১.০০০০.১২৫.৯৯.০০২.২১.২৪

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯

০৩ আগস্ট ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি নির্দেশনা মোতাবেক সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এ জ্বালানি ও বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত মনিটরিং কমিটির একটি সভা ০৩/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

- ক) কোম্পানির প্রধান কার্যালয়ের লিফট শুধুমাত্র সকাল ৯.০০ ঘটিকা হতে ১০.০০ ঘটিকা, দুপুর ১.০০ ঘটিকা হতে ২.৩০ ঘটিকা এবং ৪.৩০ ঘটিকা হতে ৫.৩০ ঘটিকা পর্যন্ত চালু থাকবে;
- খ) শুক্রবার ও শনিবার কোম্পানির প্রধান কার্যালয়ের লিফট ও জেনারেটর বন্ধ থাকবে;
- গ) অফিসকালীন সময়ে লোডশেডিং হলে প্রধান কার্যালয়ের জেনারেটর একাধারে সর্বোচ্চ ৩০ মিনিট চালু রাখা হবে;
- ঘ) কোম্পানির বিভিন্ন দপ্তরের এসি সকাল ৯.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকা এবং ১.০০ ঘটিকা হতে ৩.০০ ঘটিকা পর্যন্ত বন্ধ রাখতে হবে;
- ঙ) অফিস কক্ষে দিনের আলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে যতটা সম্ভব বৈদ্যুতিক লাইট ব্যবহার কম করতে হবে।

২। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে সরকারি নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত কমিটির গৃহীত বর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ/বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩-৮-২০২২

মোঃ নাজমুল হাসান

মহাব্যবস্থাপক
ফোন: ০৪১৭২১২৯৯
ফ্যাক্স: ০৪১৭২১২৯৮
ইমেইল: gadmin@sgcl.org.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) এসজিসিএল- সকল কর্মকর্তাবৃন্দ